গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
পদ্মা লাইফ টাওয়ার (১৪ তলা)
১১৫, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২১৫।

স্মারক নং : ৪১.০৫.০০০০.০০০.০১.০২১.১৯-২৭৩ তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৬ / ০৮ আগস্ট ২০১৯

"নিয়োগ বিজ্ঞপ্তি"

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টে সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্র: নং	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১.	প্রশাসনিক কর্মকর্তা গ্রেড-১০ স্কেল- ১৬০০০-৩৮৬৪০/-	০১ (এক)টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান) ডিগ্রি।	সকল জেলা
২.	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা গ্রেড-১১ স্কেল- ১২৫০০-৩০২৩০/-	০১ (এক)টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোনো বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান) ডিগ্রি।	
৩.	ব্যক্তিগত সহকারী গ্রেড-১৪ স্কেল- ১০২০০-২৪৬৮০/-	০১ (এক)টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।	
৪.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ স্কেল- ৯,৩০০-২২,৪৯০/-	০৩ (তিন)টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) Word Processing/ Data Entry/Typing ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে।	
৫.	ডেসপাচ রাইডার গ্রেড-১৯ স্কেল- ৮,৫০০-২০,৫৭০/-	০১ (এক)টি	ক) দশম শ্রেণি পর্যন্ত পড়া। খ) মোটরসাইকেল চালানোর লাইসেন্স থাকতে হবে।	

আবেদনের পদ্ধতি ও শর্তাবলীঃ

১) ১০/০৯/২০১৯খ্রি: তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

২) এই নিয়োগ বিজ্ঞপ্তির বর্ণিত পদ পূরণে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্মচারী চাকুরি প্রবিধানমালা,২০১৮ অনুসরণ করা হবে।

৩) বর্ণিত পদসমূহের চাকুরির শর্তাবলী নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্মচারী চাকুরি প্রবিধিনমালা,২০১৮ মোতাবেক নির্ধারিত হবে। এখানে উল্লেখ্য বর্ণিত প্রবিধানমালা মোতাবেক ট্রাস্টের কর্মচারীগণ আনুতোষিক প্রাপ্য হবেন, কোন অবসরভাতা ও অবসর গ্রহণ সুবিধা পাবেন না।

৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে।

৫) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৬) সকল পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

৭) (ক) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল/উপস্থাপন করতে হবে।

i. সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে ।
ii. পূরণকৃত Application Form এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
iii. সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
iv. জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
v. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
vi. বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সনদ/প্রত্যয়ন দাখিল করতে হবে।
vii. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
viii. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
ix. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্কলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৮) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক)পরীক্ষায় অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তি http://nddpt.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২০/০৮/২০১৯ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা।
ii. online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১০/০৯/২০১৯খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ এবং প্রস্থ ৮০ পিক্সেল) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ এবং প্রস্থ ৩০০ পিক্সেল) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।

গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submitকরা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। কপিতে একটি Applicant's নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ ও ২ নং ক্রমিকের জন্য ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪/-(চৌত্রিশ) টাকাসহ মোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা এবং ৩,৪ ও ৫ নং ক্রমিকের জন্য ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: NDDPT <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। ***Example: NDDPT ABCDEF** Reply: Applicant's Name, Tk- (Application fee) will be charged as application fee. Your PIN is xxxxxxxx To pay* fee Type NDDPT <Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: NDDPT <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222নম্বরে। **Example: NDDPT YES xxxxxxxxx** Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for (post Name) User ID is (ABCDEF)and Password (xxxxxxxx).

চ)প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nddpt.teletalk.com.bd ওয়েবসাইট এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম,ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন print করে নিবেন।প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ)শুধুমাত্র Teletalk pre-paid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে NDDPT <space>Help<space>User<space>User ID & Send to 16222.Example: NDDPT Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে NDDPT <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. Example: NDDPT Help PIN 12345678 & send to 16222.

৯) আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০) বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
ফোনঃ +৮৮-০২-৪৮৩২২৬৮০
ই-মেইলঃ nddptrust@gmail.com